গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩২৮.৪৪.০০৩.২৪-৬৯

তারিখঃ ২৯ ভাদ্র ১৪৩৩ / ১৩ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২৬) হালনাগাদকৃত সিটিজেন চার্টার প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের সকল শাখা/অধিশাখা এবং এর আওতাধীন বিআইডিএস এর সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) এর নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা কোয়ার্টারভিত্তিক (তিন মাস পর পর) হালনাগাদপূর্বক পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। উল্লেখ্য, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৬-২৭ অনুযায়ী হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতিতে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবাসমূহ সঠিকভাবে বিভাজন করা হয়নি মর্মে প্রতীয়মান হয়। সেপ্রেক্ষিতে ২০২৬-২৭ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২৬) সিটিজেন চার্টার সঠিকভাবে যাচাইপূর্বক প্রেরণ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের সকল শাখা এবং অধিশাখার হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) (ক) নাগরিক সেবা (খ) প্রাতিষ্ঠানিক সেবা (গ) অভ্যন্তরীণ সেবা পৃথকভাবে **সেবার লিংক উল্লেখপূর্বক হালনাগাদ প্রতিবেদন (সফট কপি ও হার্ড কপি) আগামী ২৮/০৯/২০২৬ তারিখের মধ্যে** এ শাখায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩/০৯/২০২৬

(মুহাম্মদ ইলিয়াস উদ্দিন)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৪৮১১২০৫৮
ro.pms@plandiv.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা;
২. যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৩. যুগ্মপ্রধান (সকল), সমন্বয় , পরিকল্পনা কমিশন;
৪. উপপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৫. উপসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৬. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পরিকল্পনা বিভাগ;
৭. সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও ঢাকা;
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৯. হিসাবরক্ষণ কর্মকর্তা/বাজেট অফিসার/লাইব্রেরি অফিসার/গবেষণা কর্মকর্তা/ডকুমেন্টেশন অফিসার, পরিকল্পনা বিভাগ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১. সচিব এর একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);